

## ঢাকা মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার প্রতিবাদে স্মারকলিপি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতালকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার প্রস্তাবের প্রতিবাদে প্রধানমন্ত্রীর বরাবর স্মারকলিপি পেশ করেছে মেডিকেল কলেজের নার্সিং, তৃতীয় ও চতুর্থ শ্রেণী কর্মচারী সংগ্রাম পরিষদ। মঙ্গলবার সকালে সংগঠনটির পক্ষ থেকে ১০ সদস্যের একটি প্রতিনিধি দল এ স্মারকলিপি পেশ করে। এর আগে তারা মেডিকেল কলেজগেট থেকে একটি বিক্ষোভ মিছিল নিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে যেতে চাইলে শাহবাগের কেন্দ্রীয় গণগ্রন্থাগারের সামনে পুলিশ বাধা দেয়। ফলে সেখানেই তারা বিক্ষোভ সমাবেশ করেন।

স্মারকলিপিতে বলা হয়, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল জাতীয় ও আন্তর্জাতিকভাবে ব্যাড একটি ঐতিহ্যবাহী সরকারি চিকিৎসা প্রতিষ্ঠান। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে হাজার হাজার রোগী বিনা পরসারে বা নামমাত্র মূল্যে এখান থেকে চিকিৎসা সেবা ও অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করেন। কিন্তু এই প্রতিষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হলে দেশের সাধারণ মানুষ অবাধ চিকিৎসা সেবার সুযোগ থেকে বঞ্চিত হতে পারেন।

স্মারকলিপিতে কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার প্রস্তাবটি প্রত্যাখ্যরের জন্য প্রধানমন্ত্রীকে অনুরোধ করা হয়। সংগঠনের আহ্বায়ক সাবিনা শারমীন ও সদস্য সচিব আব্দুল বাসেকের নেতৃত্বে স্মারকলিপি প্রদানকালে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন- এফ এম এনামুল হক, মো. আনিছুর রহমান, এম এ হান্নান, আবু সাইদ, কারিমা খাতুন, শামসুল আলম প্রমুখ।

এদিকে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের ওই কর্মসূচিতে নার্স, কর্মকর্তা ও কর্মচারীসহ সহস্রাধিক সেনক অংশগ্রহণ করায় মেডিকেল কলেজে ব্যাপক দুর্ভোগের সৃষ্টি হয়। প্রায় ছয় ঘণ্টাব্যাপী কর্ম বিরতিতে হাসপাতাল গ্রামাণ্ডা অনেককেই বসে থাকতে দেখা গেছে। এমনকি এ সময় জরুরি বিভাগে অবস্থানরত এক রোগীর মৃত্যুও হয়েছে বলে জানা গেছে।